দৈনিক বাংলা

তারিখ ..13.AUG.1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

52

# ঢাকা ভার্সিটির ৬ অনুষদে কাল ডীন নির্বাচন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামীকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডীন নির্বাচন অনুষ্ঠিত হবে। আইন অনুষদে প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী না থাকায় বর্তমান ডীন প্রফেসর এরশাদুল বারী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ১১৮৭ জন শিক্ষকই ডীন নির্বাচনে ভোট দিতে পারবেন। নিয়ম অনুযায়ী এক অনুষদের ডীন অন্য অনুষদের নির্বাচনে ভোট দিতে পারবেন না। ভোটারের সংখ্যা অনুষদ অনুযায়ী হচ্ছে—কলা অনুষদে ১৫০, সামাজিক বিজ্ঞান অনুষদে ১২৫, বিজনেস স্ট্যাডিজ অনুষদে অধুনা লুপ্ত (বাণিজ্য অনুষদ) ৭৫, আইন অনুষদে ৮৭, জীব বিজ্ঞান অনুষদে ৭৭, বিজ্ঞান অনুষদে ৭১, এবং ফার্মেসী অনুষদে ৪৭ জন শিক্ষক ভোটার। এছাড়া গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০ জন প্রফেসর বিজ্ঞান ও জীবন বিজ্ঞান অনুষদে ভোট দান করবেন।

নির্বাচনে তিনটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। প্যানেলগুলি হচ্ছে ঃ সাদা, নীল ও গোলাপী।

সাদাদলের প্রার্থীরা হচ্ছেন—কলা অনুষদে প্রফেসর আবুল কালাম মনজুর মোরশেদ, বিজ্ঞান অনুষদে ডঃ মোঃ শফি চৌধুরী, আইন অনুষদে প্রফেসর এরশাদুল বারী (বিনা প্রতিদ্বন্দ্বিতা পুনঃ নির্বাচিত) বিজনেস স্ট্যাডিজ অনুষদে প্রফেসর মঈন উদ্দীন খান, জীব বিজ্ঞান অনুষদে প্রফেসর মোঃ আসাদুজ্জামান ও ফার্মেসী অনুষদে ডঃ নূরুন নাহার রহমান।

নীলদলের প্রার্থীরা হচ্ছেন—কলা অনুষদে প্রফেসর রাজীব হুমায়ুন, সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর মোস্তফা চৌধুরী, বিজনেস স্ট্যাডিজ অনুষদে প্রফেসর আবুল হাসেম, বিজ্ঞান অনুষদে প্রফেসর সুলতানা শফি, জীব বিজ্ঞান অনুষদে ডঃ শাহাদাত আলী ও ফার্মেসী অনুষদে প্রফেসর আবুল কালাম আজাদ। অবশ্য প্রফেসর আজাদের নাম শোনা গেলেও তিনি এখন বিদেশে রয়েছেন।

গোলাপী প্যানেল তিনটি অনুষদে তাদের প্রার্থী দিয়েছে। প্রার্থীরা হচ্ছেন—কলা অনুষদে বর্তমান ডীন প্রফেসর আমিনুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর নজরুল ইসলাম ও বিজনেস স্ট্যাডিজ অনুষদে প্রফেসর আবুল কালাম আজাদ।

আগামীকাল সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত টিএসসি মিলনায়তনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।